দৈনিক
ইত্তেফাক

তারিখ 12 MAR 2017
পৃষ্ঠা ... কলাম ...

# গাংনীতে দুর্নীতি প্রতিরোধে শপথ নিল ১৫০০ শিক্ষার্থী

■ গাংনী (মেহেরপুর) সংবাদদাতা

জীবনে কখনো দুর্নীতি না করার প্রতিজ্ঞা করে এক সঙ্গে শপথ নিলেন গাংনী উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের পনেরো শ ছাত্র-ছাত্রী।

গত শুক্রবার বেলা ১০টার সময় গাংনী উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে 'রুখব দুর্নীতি, গড়ব দেশ, হবে সোনার বাংলাদেশ' স্লোগান নিয়ে মেহেরপুর জেলা প্রশাসনের সহযোগিতায় দুর্নীতি দমন কমিশন ও দুর্নীতি প্রতিরোধ কমিটির আয়োজনে মানববন্ধন কর্মসূচি পালনের পূর্বে এ শপথ অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি আব্দুর রাজ্জাক তাঁদের সততা সংঘের এ শপথ বাক্য পাঠ করান।

এর আগে জাতীয় সংগীত পরিবেশনের সঙ্গে সঙ্গে জাতীয় পতাকা উর্ত্তোলন করেন দুদকের প্রতিনিধি, প্রশাসনের কর্মকর্তা ও রাজনৈতিক নেতৃবৃন্দ।

এ সময় বক্তব্য রাখেন দুর্নীতি দমন কমিশন (দুদক) সমন্বিত জেলা কার্যালয়ের প্রতিনিধি (কুষ্টিয়া অঞ্চল) আব্দুল গাফ্ফার, গাংনী উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) এসএম জামাল আহমেদ, মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সুভাষ চন্দ্র গোলদার, গাংনী থানার ওসি আনোয়ার হোসেন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির নির্বাহী পরিচালক ও মেহেরপুর জেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক মোশাররফ হোসেন, গাংনী উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি ও সন্ধানী সংস্থার পরিচালক আবু জাফর, সাধারণ সম্পাদক কামরুল হাসান বিপ্লব।

উপস্থিত ছিলেন—গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার, সহকারী শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক রেজাউল হক মাস্টার।

পরে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের জোড়পুকুরিয়া বাজারের ২ কিলোমিটারব্যাপী বিরাট মানববন্ধন অনুষ্ঠিত হয়।

প্রায় ঘণ্টাব্যাপী মানববন্ধনে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়, জেটিএস মাধ্যমিক বিদ্যালয়, জ্যোতি মাধ্যমিক বিদ্যালয়, সিএফএম মাধ্যমিক বিদ্যালয়, বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজ, জুগীরগোফা মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রী ছাড়াও এসব প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ অংশ নেন।